

১
১
১

৩১/১২/২১
১২/১২/২১
১২/১২/২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার
সদর দপ্তর
সৈয়দ মাহবুব মোরশেদ সরণি
শের-ই বাংলা নগর, আগারগাঁও
ঢাকা ১২০৭।

নং-১৫.৫৩.০০০০.০১৫.২৬.০০৭.১৮- ৪৯৪

তারিখ : ২৭.৬.২০১৬

বিষয় : বাংলাদেশ বেতারের ভাড়া বাড়ির ভাড়ার হার বৃদ্ধি প্রসঙ্গে।
সভাপতি : জনাব নারায়ণ চন্দ্র শীল, মহাপরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা।
সভার তারিখ : ২২/০২/২০১৮ খ্রিঃ সময় ৪ বেলা ১১.০০ ঘটিকা।
সভার স্থান : বাংলাদেশ বেতার সদর দপ্তর সম্মেলন কক্ষ।
উপস্থিতের তালিকা : পরিশিষ্ট "ক"

সভার শুরুতে উপস্থিত সকল কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয় আলোচ্য সূচি অনুযায়ী সভা পরিচালনা করেন। সভার আলোচনা শেষে নিম্ন প্রদত্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	মন্তব্য
১	বাংলাদেশ বেতারের ভাড়া বাড়ির ভাড়ার হার বৃদ্ধি প্রসঙ্গে।	বাংলাদেশ বেতারের ভাড়া চালিত ভাড়া বাড়ির ভাড়া বৃদ্ধির বিষয়ে মহাপরিচালক মহোদয় সভায় উপস্থিত দপ্তর প্রধানগণের নিকট মতামত জানতে চান। দপ্তর প্রধানগণ জানান যে, বর্তমানে ৮,০০০/- টাকায় পেট্রোল চালিত এবং ১৫,০০০/- টাকায় সিএনজি চালিত সিডান কার চালক ও জ্বালানীসহ ভাড়া পাওয়া যাচ্ছেনা। এ বিষয়ে দপ্তর প্রধানগণ পেট্রোল চালিত সিডান কার ১,০০,০০০/- টাকায় এবং সিএনজি চালিত সিডান কার ৭৫,০০০/- টাকায় পাওয়া যাবে বলে মতামত প্রদান করেন। প্রেক্ষিতে এ বিষয়ে প্রধান প্রকৌশলী মহোদয় পূর্বের প্রেরিত ভাড়া বৃদ্ধির প্রস্তাবের ধারাবাহিকতায় পেট্রোল চালিত সিডান কার ৮,০০০/- টাকার স্থলে ৫০,০০০/- টাকা এবং সিএনজি চালিত সিডান কার ১৫,০০০/- টাকার স্থলে ৪০,০০০/- টাকায় বৃদ্ধি করার প্রস্তাব করেন। প্রধান প্রকৌশলী মহোদয়ের প্রস্তাবের বিষয়ে সভায় উপস্থিত সকলেই একমত পোষণ করেন। সভায় উপ-পরিচালক(প্রশাসন ও অর্থ) জানান যে, অর্থ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখার সাথে গাড়ি ভাড়া বৃদ্ধির বিষয়ে আলোচনা করলে সংশ্লিষ্ট শাখা জানায় RFQ পদ্ধতিতে দরপত্র আহবান কর দরপত্রের কাগজপত্র সহ ভাড়া বৃদ্ধির প্রস্তাব প্রেরণ করা হলে প্রস্তাব বিবেচনা করা সম্ভব হবে। বাংলাদেশ বেতার, ঠাকুরগাঁও, বরিশাল, কক্সবাজার, রাঙ্গামাটি, বান্দরবান, কুমিল্লা কেন্দ্রের জন্য সাংগঠনিক কাঠামোতে অনুমোদিত ভাড়ায় চালিত মাইক্রোবাস ৭৫,০০০/- টাকায় ভাড়া করণের বিষয়ে সভায় আলোচনা হয়।	বাংলাদেশ বেতারের ভাড়ায় চালিত গাড়িসমূহ জ্বালানী, চালক এবং ড্রাইভার ও ট্যাক্স সহ সর্বসাকুল্যে পেট্রোল চালিত সিডান কার ৫০,০০০/- টাকায় এবং সিএনজি চালিত সিডান কার ৪০,০০০/- টাকায় এবং ৬ টি কেন্দ্রে ভাড়ায় চালিত মাইক্রোবাস ৭৫,০০০/- টাকায় ভাড়া করার জন্য RFQ পদ্ধতিতে দরপত্র আহবান করে মূল্যায়ন কমিটির সুপারিশ সম্বলিত দরপত্রের কাগজপত্র সহ ভাড়া বৃদ্ধির প্রস্তাব দ্রুততম সময়ে (৭ কর্ম দিনস) সদর দপ্তরে প্রেরণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	
২	বিবিধ	ক) বাংলাদেশ বেতার ঠাকুরগাঁও, বরিশাল, কক্সবাজার, রাঙ্গামাটি, বান্দরবান, কুমিল্লা কেন্দ্রের ভাড়ায় চালিত মাইক্রোবাস উল্লেখিত কেন্দ্রের প্রকৌশল, অনুষ্ঠান ও বার্তা বিভাগ এর মধ্যে সমন্বয়ের মাধ্যমে ভাড়ায় চালিত মাইক্রোবাস ব্যবহারের বিষয়ে সভায় আলোচনা হয়। এ বিষয়ে সভায় সকলে একমত পোষণ করেন।	মহাপরিচালক মহোদয় বাংলাদেশ বেতারের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্প্রচার করার জন্য সংশ্লিষ্ট ৬ টি কেন্দ্রের ভাড়ায় চালিত মাইক্রোবাস ৩ শাখা(প্রকৌশল, অনুষ্ঠান, বার্তা) এর মধ্যে সমন্বয়ের মাধ্যমে ব্যবহারের জন্য নির্দেশ প্রদান করেন।	
৩	নতুন গাড়ি ক্রয়	খ) নতুন গাড়ি ক্রয়ের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় মহাপরিচালক মহোদয় জানান যে, দীর্ঘদিন পর ২০১৫-১৬ অর্থ বছরের ১২টি, ২০১৬-১৭ অর্থ বছরে ১০টি গাড়ি ক্রয়সহ মোট ২২টি গাড়ি ক্রয় করা হয়েছে। যা বেতারের দাপ্তরিক প্রয়োজনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। চলতি অর্থ বছরসহ ভবিষ্যতে টিওএন্ডইভলুট অকেজো গাড়িগুলোর পরিবর্তে নতুন গাড়ি ক্রয়ের ধারা অব্যাহত রাখার জন্য বিষয়ে আলোচনা হয়।	বাংলাদেশ বেতারের নতুন গাড়ি ক্রয়ের লক্ষ্য পরিচালক(প্রশাসন ও অর্থ) এর তত্ত্বাবধানে গাড়ি ক্রয়ের ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	

পরিশেষে মহাপরিচালক মহোদয় সকল কর্মকর্তাকে আন্তরিকভাবে কাজ করার নির্দেশসহ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

নারায়ণ চন্দ্র শীল
মহাপরিচালক
ফোন : ৪৪৮১৩০৬২